

হায় হায় সাতপাকে বাঁধা পোড়োনা লিরিক্স:-

হায় হায় সাতপাকে বাঁধা পোড়োনা,
এক দুটো পাক কম হলে মন্দ হবেনা।
মাথায় টোপের পরার আগে ওজন করে দেখো,
সোনার টুপি লোহার হবে সেটা মনে রেখো।

যাও যাও যাও বাবা মিছে বোলোনা,
নিজের সাথে আমার কেন করো তুলনা?
বিয়ের পরে চলবে জীবন গড়গড়িয়ে রে,
লোহাই বরং সোনা হবে পরশপাথরে।
যাও যাও যাও বাবা মিছে বোলোনা।

ছাদনাতলায় পাতা আছে শিল আর নোড়া,
চোখ জুড়িয়ে দিয়ে আমার ভালো থাকিস তোরা।
আর ভেবো না মা গো আমার ভয় রেখো না মনে,
নকশীকাঁথায় বুনবো জীবন আমরা যে দুজনে।

শিল নোড়াতে ভাঙবে নাগো লাগবে জোড়া মনে,
হাজার তারা উঠবে জ্বলে আজকে শুভক্ষণে।

হায় হায় সাতপাকে বাঁধা পোড়োনা,
এক দুটো পাক কম হলে মন্দ হবেনা।
যাও যাও যাও বাবা মিছে বোলোনা,
নিজের সাথে আমার কেন করো তুলনা ?
হায় হায় সাতপাকে বাঁধা পোড়োনা,
যাও যাও যাও বাবা মিছে বোলোনা।